# উপজেলা পরিষদ, খানসামা এর জুলাই, ২০২৪ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ সহিদুজ্জামান শাহ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
খানসামা, দিনাজপুর।

**স্থান** : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।

**তারিখ** : ১১/০৭/২০২৪ খ্রি.

**সময়** : সকাল- ১১.০০ টা।

**সভায় উপস্থিতি :** পরিশিষ্ট 'ক'

সভাপতি মোঃ সহিদুজ্জামান শাহ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান পদে জনাব মোঃ সহিদুজ্জামান শাহ নির্বাচিত, ভাইস চেয়ারম্যান পদে জনাব এটিএম সুজাউদ্দিন শাহ্ পুনঃ নির্বাচিত এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদে জনাব পলি রায় নির্বাচিত হওয়ায় উপজেলা নির্বাহী অফিসারসহ পরিষদের সকল কর্মকর্তাবৃন্দকে সভাপতি, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানকে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করেন। সভাপতি সকলের সহযোগিতায় সরকারি নিয়ম অনুযায়ী কাজ করার জন্য সহযোগিতা কামনা করেন। আল্লাহর রহমতে সকলের দোয়ায় ৩য় বার উপজেলা পরিষদ চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় তিনি শুকরিয়া আদায় করেন। তিনি উপস্থিত জনপ্রতিনিধি এবং সরকারি কর্মকর্তাগণের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন যে, সকলের মিলিত প্রচেষ্টা ও সহযোগিতা পেলে খানসামা উপজেলার সার্বিক উন্নয়ন ত্বরান্বিত করা সহজ হবে। মহিলা ভাইস চেয়ারম্যান জনাব পলি রায় তাঁর উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। ভাইস চেয়ারম্যান পদে ৪র্থ বার নির্বাচিত হওয়ায় তাঁর উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য পূর্বের মত জনাব এটিএম সুজাউদ্দিন শাহ্ সকলের সহযোগিতা কামনা করেন। তাঁদের এই বক্তব্যের প্রেক্ষিতে উপস্থিত সকল সদস্য তাঁদেরকে সকল ক্ষেত্রে আন্তরিক সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুরকে বিভাগওয়ারী আলোচনা পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

সভার প্রারম্ভে উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ তাজ উদ্দিন গত ১০/০৬/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত জুন মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়।

০১। **বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত :**

**(i) স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর কার্যক্রমসমূহ স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ০৯ (নয়) জন ডাক্তার কর্মরত আছে। শুন্য পদ ০৭, শুন্য পদে ডাক্তার পদায়নের জন্য সুপারিশ করা হয়। ডাক্তার স্বল্পতার কারনে চিকিৎসা সেবার মান কিছুটা হলেও ব্যাহত হচ্ছে।

**সিদ্ধান্ত :** (ক) চিকিৎসা সেবার মান আরও উন্নত করতে হবে।
(খ) রোগীদের মানসম্মত খাবার সরবরাহ নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নে :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(ii) প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের রূপালী আবাসিক বাসভবন সংস্কার ও রংকরণ করা খুবই জরুরী। উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর কে বিষয়টি অবহিত করলে তিনি সরেজমিন রূপালী আবাসিক বাসভবন পরিদর্শন করেন। পরিদর্শনকালীন সময়ে জরুরী ভিত্তিতে আবাসিক বাসভবনটি ত্রুটি মুক্ত করার জন্য পরামর্শ দেন। উপজেলা নির্বাহী অফিসার, খানসামা এর সাথে মৌখিক আলোচনাক্রমে নিম্নবর্ণিত প্রকল্পটি জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করার জন্য সভায় উপস্থাপন করা হলো। তিনি প্রস্তাব করেন যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে জরুরীভাবে মেরামত করা যেতে পারে।

| ক্রমিক নং | স্কীমের নাম | প্রাক্কলিত মূল্য | বাস্তবায়ন পদ্ধতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা পরিষদের রূপালী আবাসিক বাসভবন সংস্কার ও রংকরণ। | ৩,৫০,০০০/- | আরএফকিউ | |

**পর্যালোচনা :** উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত বর্ণিত প্রকল্প ও প্রাক্কলনটি এবং তার প্রস্তাবনার উপরে বিস্তারিত আলোচনা করা হলো। স্কীমটি গ্রহণ করা যেতে পারে মর্মে সকলে একমত প্রকাশ করেন এবং অনুমোদনের সুপারিশ করেন।

**সিদ্ধান্ত :** উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ভার মিটানোর জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হলো। উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত প্রাক্কলনটি অনুমোদন করা হলো। জরুরী ভিত্তিতে প্রকল্পটি দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুরকে অনুরোধ করা হলো।

**বাস্তবায়নে :** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, খানসামা, দিনাজপুর।

**(iii) কৃষি বিভাগ :** উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলতি খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে আউশ, পাট, চিনাবাদাম, সবজি, ভুট্টা, মরিচ, আদা ও হলুদ আবাদের লক্ষ্যমাত্রা যথাক্রমে ২৫৮৪ হেক্টর, ১৪৩৬ হেক্টর, ৩ হেক্টর, ৯৫৫ হেক্টর, ১৬ হেক্টর, ৪৮ হেক্টর, ৩০ হেক্টর ও ২৮ হেক্টর। যার মধ্যে এখন পর্যন্ত অর্জিত হয়েছে আউশ ২২৬০ হেক্টর, পাট ১৪৭৫ হেক্টর, সবজি ৮৫০ হেক্টর, চিনাবাদাম ৮ হেক্টর, ভুট্টা ৫ হেক্টর, মরিচ ২৫ হেক্টর, আদা ২০ হেক্টর এবং হলুদ ২০ হেক্টর। এর মধ্যে আউশ কর্তন হয়েছে ২১০০ হেক্টর, যার ফলন ৩.১৩ মে.টন ও উৎপাদন ৬৫৭২ মে.টন।

তিনি সভায় আরও জানান যে, খরিপ-২ মৌসুমে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা ১৩৭৬০ হেক্টর। বর্তমানে রোপা বীজতলা অর্জিত হয়েছে হাইব্রিড ৬০ হেক্টর ও উফশী ৬৩০ হেক্টর মোট ১৫ হেক্টর। এছাড়া প্রণোদনা কর্মসূচির আওতায় বিতরণকৃত রোপা আমন ধান ফসলের মাঠ পর্যায়ে বাস্তবায়ন ও মনিটরিং অব্যাহত রয়েছে।

তিনি সভায় আরও জানান যে, বিষমুক্ত সবজি উৎপাদনে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহারে কৃষককে পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। মাটির স্বাস্থ্য রক্ষায় ডলো চুন, ভার্মি কম্পোষ্ট, খামারজাত সার ও জৈব সার ব্যবহার এবং মাটি পরীক্ষার মাধ্যমে কৃষকগণকে উদ্বুদ্ধ করার জন্য মাঠ পর্যায়ে সকল কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

তিনি সভায় আরও জানান যে, তীব্র তাপদাহে আউশ, পাট, বোরোধান, সবজি ফসলসহ অন্যান্য ফসল রক্ষার্থে সার্বক্ষণিক কৃষক পরামর্শ অব্যাহত রয়েছে। এছাড়াও সার উত্তোলন, সরবরাহ, বিক্রয় ও মজুদ বিষয়ে নিবিড় মনিটরিং কার্যক্রম বিভাগীয় পর্যায়ে অব্যাহত রয়েছে।

**সিদ্ধান্ত :** (ক) সার উত্তোলন, সরবরাহ, বিক্রয় ও মজুদ বিষয়ে নিবিড় মনিটরিং কার্যক্রম বিভাগীয় পর্যায়ে চলমান রাখতে হবে। সার, বীজ ও কীটনাশক বিক্রয়ে ভেজাল রোধে কঠোর পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
(খ) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

**বাস্তবায়নে :** উপজেলা কৃষি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(iv) প্রাণিসম্পদ বিভাগ :** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, জুন, ২০২৪ মাসে গবাদি প্রাণির চিকিৎসা প্রদান করা হয়েছে ১১০৭ টি, হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে ৫০১৭ টি, গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১৪৪০৪ টি, হাঁস-মুরগির টিকা প্রদান করা হয়েছে ৮৫৫০০ টি, গবাদি প্রাণির কৃত্রিম প্রজনন করা হয়েছে ৭৩০ টি, খামারী সচেতনতা ও খামার স্থাপনের জন্য ০৩ টি উঠান বৈঠক করা হয়েছে এবং গাভীর খামারী পরিদর্শন করা হয়েছে ০৬ টি। কায়েমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ২০০ মিলিঃ করে দুধ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।

**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

**বাস্তবায়নে :** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, খানসামা, দিনাজপুর।

**(v) মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৩১ শে জুলাই, ২০২৪ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেল কেন্দ্রে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৪ উদযাপন উপলক্ষে উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। অন্যান্য উপজেলার মত খানসামা উপজেলাতেও জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৪ উদযাপিত হবে। দেশের সাধারণ মানুষকে মৎস্য সম্পদের গুরুত্ব সম্পর্কে আরো সচেতন করতে এবং এ সম্পদকে সংরক্ষণ ও উৎপাদন বৃদ্ধির কার্যক্রমে সকলকে সম্পৃক্ত করতে সপ্তাহব্যাপী কর্মসূচি বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন।

তিনি সভায় আরও জানান যে, মৎস্য অফিস কর্তৃক অবৈধ চায়না দুয়ারি জাল ও কারেন্ট জাল ধরার অভিযান অব্যাহত রয়েছে কিন্তু মৎস্য অফিস কর্তৃক পরিচালিত অভিযানসমূহ এই মাছ শিকার বন্ধের জন্য যথেষ্ট নয়। মাছের প্রজনন মৌসুমকে নিরাপদ করার জন্য উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ ও সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্যদের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া উপজেলা মৎস্য দপ্তরের বিভাগীয় কার্যক্রম যথা নিয়মে চলছে।

**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

**বাস্তবায়নে :** উপজেলা মৎস্য কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।



CamScanner

(vi) প্রাথমিক শিক্ষা বিভাগ : উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৪ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ড প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৪ উপজেলা পর্যায়ে চূড়ান্ত খেলা অদ্য ১১/০৭/২০২৪ তারিখ শেখ রাসেল স্টেডিয়ামে বিকাল ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। বালক দল চূড়ান্ত খেলায় অংশগ্রহণ করবেন "নিউ পাকেরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় ও কুমড়িয়া/১ সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং বালিকা দল চূড়ান্ত খেলায় অংশগ্রহণ করবেন আলোকঝাড়ী/২ সরকারি প্রাথমিক বিদ্যালয় ও কুমড়িয়া/১ সরকারি প্রাথমিক বিদ্যালয়"।

তিনি সভায় আরও জানান যে, নলবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পার্শ্বে ব্রয়লার মুরগির খামার থাকায় দূর্গন্ধের কারণে ছাত্র-ছাত্রীরা ভালোভাবে ক্লাশে মনোনিবেশ করতে পারছে না। এতে পাঠদান ব্যাহত হচ্ছে। এ বিষয়ে তিনি উপজেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন।

তিনি সভায় আরও জানান যে, বার্ষিক প্রাথমিক বিদ্যালয় শুমারী (এপিএসসি) এর তথ্য এন্ট্রি আগামী ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। এছাড়াও পাঠের গুনগত মান উন্নয়নের জন্য নিয়মিত পরিদর্শন কার্যক্রম জোড়দার করা হয়েছে।

সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে : উপজেলা শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর।

(vii) মাধ্যমিক শিক্ষা বিভাগ : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় সকল কার্যক্রম যথা নিয়মে চলছে। সার্বজনীন পেনশন স্কিম বাস্তবায়নের জন্য উপজেলার সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকসহ কর্মচারীদের পেনশন স্কিম বাস্তবায়নের বিষয়টি মনিটরিং করা হচ্ছে।

তিনি সভায় আরও জানান যে, ২০২৪ শিক্ষা বর্ষের এনসিটিবি কর্তৃক প্রকাশিত ৬ষ্ঠ শ্রেণি থেকে ৯ম শ্রেণির পাঠ্যপুস্তক সামষ্টিক মূল্যায়ন পরীক্ষার প্রশ্ন ও উত্তর পত্র সরাসরি প্রধান শিক্ষকের নৈপুন্য আইডিতে সরবরাহ করছে। শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত নিউ কারিকুলাম সামষ্টিক মূল্যায়ন পরীক্ষা সুষ্ঠু ও সু-শৃঙ্খলভাবে চলমান রয়েছে।

সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে : উপজেলা মাধ্যমিক অফিসার, খানসামা, দিনাজপুর।

(viii) সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে : উপজেলা সমাজসেবা অফিসার, খানসামা, দিনাজপুর।

(ix) নির্বাচন অফিস : উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন ২০২৪ উপজেলা প্রশাসনের আন্তরিক সহযোগিতায় সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছে। ভোটগ্রহণকারী সকল কর্মকর্তাসহ নির্বাচন কাজে নিয়োজিত সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ইহা ছাড়া উপজেলা নির্বাচন অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে : উপজেলা নির্বাচন অফিসার, খানসামা, দিনাজপুর।

(x) পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি'র আওতাধীন প্রকল্পসমূহের জুন, ২০২৪ মাসের ঋণ কার্যক্রম নিম্নরূপ ঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম | ঋণ বিতরণ | ঋণ আদায় |
|---|---|---|---|
| ০১ | আবর্তক (কৃষি) | ১৩.৭০ | ১৩.৯৯ |
| ০২ | মহিলা উন্নয়ন অনুবিভাগ (মউ) | ১৩.৮৪ | ২.৬৯ |
| ০৩ | সদাবিক | ১৫.০৪ | ৫.৬৭ |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | গুচ্ছ গ্রাম | - | - |
| ০৫ | আদর্শ গ্রাম-২ | ৮.২০ | ৬.৮৬ |
| ০৬ | পল্লী প্রগতি | - | ০.৬৩ |
| ০৭ | অস্বচ্ছল মুক্তিযোদ্ধা | - | - |
| ০৮ | পল্লী উদ্যোক্তা | - | ১.১০ |
| | মোট = | ৫০.৭৮ | ৩০.৯৪ |

তিনি সভায় আরও জানান যে, বিআরডিবি'র আওতায় সকল প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

**বাস্তবায়নে :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(xi) দুর্যোগ ব্যবস্থাপনা শাখা :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় নিয়মিত কার্যক্রম যথা নিয়মে চলছে।

**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

**বাস্তবায়নে :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(xii) সমবায় বিভাগ :** উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, সমবায় বিভাগীয় কার্যক্রম অব্যাহত রয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা মোতাবেক সমবায় ভ্রাম্যমান প্রশিক্ষণ কার্যক্রম চলমান, সমবায় সমিতি অডিট, পরিদর্শন ও নির্বাচন ইত্যাদি কার্যক্রম যথানিয়মে চলমান রয়েছে। তিনি খানসামা উপজেলায় সমবায়ীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সমবায়ীদের দক্ষ ও উৎপাদনমুখী কার্যক্রম গ্রহণ করে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত স্ব-নির্ভর উপজেলা হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন।

তিনি সভায় আরও জানান যে, গোয়ালডিহি আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) এ বসবাসরত সুবিধাভোগীদের মাঝে বর্তমান মাস পর্যন্ত ৯,৫০,৫০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ৫,৪৬,৩২৬/- টাকা ঋণ আদায় করা হয়েছে। ঋণ আদায়ের হার ৬৫%। সমবায় বিভাগের অন্যান্য সার্বিক কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে।

**সিদ্ধান্ত :** (১) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।
(২) খেলাপী ঋণ আদায় ১০০% নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

**বাস্তবায়নে :** উপজেলা সমবায় কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(xiii) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলছে। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় খানসামা উপজেলায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ করার জন্য পাকেরহাটে শেখ রাসেল মিনি স্টেডিয়ামের দক্ষিণ পার্শ্বে এক লক্ষ লিটার এর ওভারহেড পানির ট্যাংক স্থাপনের কাজ চলমান রয়েছে। কাজটি বাস্তবায়ন হলে ৩০০-৩৫০ টি পরিবার পাইপ লাইনের মাধ্যমে নিরাপদ সুপেয় পানি পান করতে পারবে।

তিনি সভায় আরও জানান যে, খানসামা উপজেলায় স্যানিটেশনের শতকরা হার ৯২.১৩%। প্রতিটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে স্যানিটেশন কভারেজ ১০০% উন্নীতকরণের জন্য এডিপি/ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল থেকে অফসেট/ইমপ্রুভ টয়লেট নির্মাণের জন্য অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

**বাস্তবায়নে :** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), খানসামা, দিনাজপুর।

**(xiv) মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় উপজেলার ০৬ (ছয়) টি ইউনিয়নে ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের মাঝে জুন, ২০২৪ মাসের খাদ্য বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। ভিডব্লিউবি উপকারভোগী মহিলাদের প্যাকেজ সেবা প্রদানকারী এনজিও ইন্টেগ্রেটেড সোস্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (আইএসডিও) ও দীপশিখা "নন ফরমাল এডুকেশন ট্রেনিং এ্যান্ড রিসার্স সোসাইটি ফর ভিলেজ ডেভেলপমেন্ট" কর্তৃক

উপকারভোগীদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম এবং ডাচবাংলা ব্যাংক (এজেন্ট ব্যাংকিং), সোশ্যাল ইসলামী ব্যাংক লিঃ, পাকেরহাট শাখা এর মাধ্যমে ভিডব্লিউবি উপকারভোগীদের নিকট হতে মাসিক সঞ্চয় গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে।

তিনি সভায় আরও জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ অর্থবছরে নির্বাচিত ভাতাভোগীর জুন, ২০২৪ পর্যন্ত ভাতার অর্থ তাদের নিজ নিজ ব্যাংক/এজেন্ট ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং হিসাবে EFT এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে।

তিনি সভায় আরও জানান যে, মহিলাদের আত্নকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় জুন, ২০২৪ মাসে আদায়যোগ্য টাকার পরিমাণ চলমান ৫২,৫০০ টাকা, অনাদায়ী ৩,৮৫,০০০ টাকা, খেলাপী ৪,৭১,৮৫১ টাকা এবং আদায়ের পরিমাণ ২১,৪৫০ টাকা।

তিনি সভায় আরও জানান যে, উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC) এর ২০২৩-২০২৪ অর্থবছরের ৪র্থ ব্যাচে (এপ্রিল ২০২৪ হতে জুন ২০২৪) আধুনিক দর্জি বিজ্ঞান ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

তিনি সভায় আরও জানান যে, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় উপজেলার ০৬টি ইউনিয়নে স্থাপিত ০৬টি কিশোর-কিশোরী ক্লাবে প্রতি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন কিশোর-কিশোরীকে সঙ্গীত, আবৃত্তি ও জেন্ডার বিষয়ক প্রশিক্ষণসহ বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

**বাস্তবায়নে :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(xv) <u>পরিবার পরিকল্পনা বিভাগ :</u>** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের কর্মসূচী সন্তোষজনকভাবে সম্পন্ন হচ্ছে। অতঃপর তিনি জুন, ২০২৪ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন সভায় নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

<u>অস্থায়ী পদ্ধতি ঃ</u>

| খাবার বড়ি | | | কন্ডম | | | ইনজেকশন | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ১৪৬৯ | ৮২২ | ৫৬% | ২৬৪ | ২৬ | ১০% | ৭১৫ | - | - |

<u>দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতি ঃ</u>

| স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা) | | | আইইউডি | | | ইমপ্লান্ট | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ১৩ | ৪ | ৩১% | ৭ | ৫ | ৭১% | ৭৫ | ২৩ | ৩১% |

উপজেলার মোট সক্ষম দম্পতি ঃ ৪৫,৩১৮ জন।
উপজেলার সর্বমোট পদ্ধতি গ্রহণকারী ঃ ৩৭,০১৯ জন।
পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর) ঃ ৮১.৬৯%।

**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহিত হলো।

**বাস্তবায়নে :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(xvi) <u>যুব উন্নয়ন বিভাগ :</u>** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাঠ পর্যায়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই। গত ২০২৩-২০২৪ অর্থবছরে ১৪ টি ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কোর্স এর লক্ষ্যমাত্রা ছিল এবং জুন, ২০২৪ খ্রি. মাস পর্যন্ত ১৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণ কোর্স সমাপ্ত করা হয়েছে। এছাড়াও ইমপেক্ট প্রকল্পের আওতায় ০২টি বায়োগ্যাস বিষয়ক প্রশিক্ষণ ব্যাচ সমাপ্ত করা হয়েছে। যুব উন্নয়ন অধিধপ্তর কর্তৃক বাস্তবায়িত টেকাব প্রকল্পের আওতায় ৪০ জনকে কম্পিউটার ও নেটওয়ার্কিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



CamScanner

সিদ্ধান্ত : (ক) খেলাপী যুব ঋণের টাকা আদায়ে জোর প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।
(খ) বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(xvii) পল্লী সঞ্চয় ব্যাংক :** ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক এর কার্যক্রম যথা নিয়মে চলছে। খেলাপী টাকা আদায়ের লক্ষ্যে ঋণ গ্রহীতা ও জামিনদারদের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।

সিদ্ধান্ত : পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে : ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, খানসামা, দিনাজপুর।

**(xviii) পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন :** উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

**(xix) আনসার ও ভি, ডি, পি বিভাগ :** উপজেলা আনসার ও ভি,ডি,পি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় নিয়মিত কাজ যথা নিয়মে চলছে।

সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে : উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(xx) বন বিভাগ :** উপজেলা বন কর্মকর্তা, খানসামা-SFPC, সামাজিক বন বিভাগ, খানসামা, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের মাঠ পর্যায়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাঠ পর্যায়ে কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে : উপজেলা বন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর।

**(xxi) বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ :** সহকারী প্রকৌশলী, বিএমডিএ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

**(xxii) পাট অধিদপ্তর :** উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

**(xxiii) পরিসংখ্যান বিভাগ :** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

**(xxiv) কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র :** কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষের প্রতিনিধি সভায় জানান যে, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের সকল কার্যক্রম যথা নিয়মে চলছে।

সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে : অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খানসামা, দিনাজপুর।

**(xxv) ইসলামিক ফাউন্ডেশন :** ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, তার বিভাগীয় কাজ যথা নিয়মে চলছে।

সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম আরও গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

বাস্তবায়নে : ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, খানসামা, দিনাজপুর।



CamScanner

**(xxvi) পল্লী বিদ্যুৎ বিভাগ :** সহকারী জেনারেল ম্যানেজার, খানসামা সাব-জোনাল অফিস, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর প্রতিনিধি সভায় জানান যে, অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করনের নিমিত্ত রাত্রীকালীন অভিযান অব্যাহত রয়েছে। বকেয়া বিলের কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন অভিযান অব্যাহত রয়েছে। এ বিষয়ে উপজেলা প্রশাসনসহ পুলিশ বাহিনীর আন্তরিক সহযোগিতা কামনা করেন।

তিনি সভায় আরও জানান যে, বর্তমানে ট্রান্সফরমারসহ বৈদ্যুতিক মালামাল চুরির প্রবণতা ব্যাপক বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে উপজেলা প্রশাসনসহ পুলিশ বাহিনীর আন্তরিক সহযোগিতা কামনা করেন।

তিনি সভায় আরও জানান যে, ৩৩০০০ ভোল্ট লাইন এর আত্রাই নদী এর দুই পাশে টাওয়ার নির্মাণ এর কাজ সম্পন্ন হয়েছে। অল্প কিছুদিনের মধ্যে বিদ্যুৎ সংযোগ হবে। তখন ঠাকুরগাঁও ও দিনাজপুর হতে খানসামা উপজেলায় বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে।

**সিদ্ধান্ত :** বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

**বাস্তবায়নে :** সহকারী জেনারেল ম্যানেজার, খানসামা সাব-জোনাল অফিস, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, খানসামা, দিনাজপুর।

০৩। **বিবিধ আলোচনা ও সিদ্ধান্ত ঃ** ক) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা চেয়ারম্যানের আবাসিক বাসভবন রাত্রীকালীন পাহারা ও উপজেলা ক্যাম্পাসে অবস্থিত সকল আবাসিক বাসভনের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরনের লক্ষ্যে রাত্রীকালীন টহলের নিমিত্ত একজন আনসার সদস্য জনাব মোঃ আমিনুল ইসলাম, পিতা-মোঃ আনিছুর রহমান, গ্রাম-উত্তর গোবিন্দপুর, উপজেলা-খানসামা, জেলা-দিনাজপুর দায়িত্ব পালন করে আসছেন। তার দায়িত্ব ভাতা/দৈনিক ভাতা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের নিরাপত্তা খাত (আনসার) হতে প্রদান করা যেতে পারে। উল্লেখ্য যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের নিরাপত্তা খাত (আনসার) হতে এক অর্থবছরে ১,০০,০০০ (এক লক্ষ) টাকা ব্যয় করা যেতে পারে। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হলো।

**সিদ্ধান্ত :** (১) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ম) তে নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে নিরাপত্তা খাত (আনসার) হতে আনসার সদস্য জনাব মোঃ আমিনুল ইসলাম কে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য প্রতিদিন ২৭৫/- (দুইশত পচাত্তর) টাকা হারে দায়িত্ব ভাতা/দৈনিক ভাতা প্রদান করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

**বাস্তবায়নে :** চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।

খ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ২০২৩-২০২৪ অর্থবছরের পরিচালন বাজেটে ইউনিয়ন পরিষদ খাতের আওতায় ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজের বিজ্ঞপ্তি প্রকাশের বিল ১২,৪২০/- (বারো হাজার চারশত বিশ) টাকা, ৪৮,৯০৭/- (আটচল্লিশ হাজার নয়শত সাত) টাকা, ১১,৯৭৮/- (এগারো হাজার নয়শত আটাত্তর) টাকা, ২০,৯৭৬/- (বিশ হাজার নয়শত ছিয়াত্তর) টাকা একুনে (১২৪২০+৪৮৯০৭+১১৯৭৮+২০৯৭৬) = ৯৪,২৮১/- (চুরানব্বই হাজার দুইশত একাশি) টাকা বকেয়া রয়েছে যা পরিশোধ করা প্রয়োজন।

**সিদ্ধান্ত :** ২০২৩-২০২৪ অর্থবছরের পরিচালন বাজেটে ইউনিয়ন পরিষদ খাতের আওতায় ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজের বিজ্ঞপ্তি প্রকাশের বিল ১২,৪২০/- (বারো হাজার চারশত বিশ) টাকা, ৪৮,৯০৭/- (আটচল্লিশ হাজার নয়শত সাত) টাকা, ১১,৯৭৮/- (এগারো হাজার নয়শত আটাত্তর) টাকা, ২০,৯৭৬/- (বিশ হাজার নয়শত ছিয়াত্তর) টাকা একুনে (১২৪২০+৪৮৯০৭+১১৯৭৮+২০৯৭৬) = ৯৪,২৮১/- (চুরানব্বই হাজার দুইশত একাশি) টাকা বকেয়া বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সংবাদ পত্রের বিজ্ঞপ্তির বিল ও হাট বাজার ইজারাজনিত ব্যয়ের খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

**বাস্তবায়নে :** চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।

গ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, খানসামা উপজেলায় গত কয়েকদিনের আকস্মিক ভারী বর্ষণ এবং প্রাকৃতিক দুর্যোগের কারণে ইতোমধ্যে যে ক্ষয়ক্ষতি হয়েছে তা মোকাবেলার জন্য এবং পরবর্তীতে বৃষ্টি ও প্রাকৃতিক দুর্যোগ চলমান থাকলে এর মোকাবেলার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা যায় তার আলোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থিত সদস্যদের অনুরোধ জানান।

খানসামা উপজেলায় সংঘটিত ক্ষয়ক্ষতির বিষয়ে ১নং আলোকঝাড়ী ইউনিয়নের চেয়ারম্যান সভায় জানান যে, আকস্মিক ভারী বর্ষণের ফলে তার ইউনিয়নের বিভিন্ন স্থানে বিভিন্ন দিক থেকে পানি প্রবাহের ফলে জলাবদ্ধতার সৃষ্টি হয়। জলাবদ্ধতার স্থানগুলো হতে পানি নিস্কাশনের জন্য জরুরী ভিত্তিতে আরসিসি রিং পাইপ সরবরাহ ও স্থাপন করা প্রয়োজন।

২নং ভেড়ভেড়ী ইউনিয়নের চেয়ারম্যান সভায় জানান যে, আকস্মিক ভারী বর্ষণের ফলে তার ইউনিয়নেও বিভিন্ন স্থানে বিভিন্ন দিক থেকে পানি প্রবাহের ফলে জলাবদ্ধতার সৃষ্টি হয়। জলাবদ্ধতার স্থানগুলো হতে পানি নিস্কাশনের জন্য জরুরী ভিত্তিতে আরসিসি রিং পাইপ সরবরাহ ও স্থাপন করা প্রয়োজন।

৩নং আংগারপাড়া ইউনিয়নের চেয়ারম্যান সভায় জানান যে, আকস্মিক ভারী বর্ষণের ফলে তার ইউনিয়নেও বিভিন্ন স্থানে বিভিন্ন দিক থেকে পানি প্রবাহের ফলে জলাবদ্ধতার সৃষ্টি হয়। জলাবদ্ধতার স্থানগুলো হতে পানি নিস্কাশনের জন্য জরুরী ভিত্তিতে আরসিসি রিং পাইপ সরবরাহ ও স্থাপন করা প্রয়োজন।

৪নং খামারপাড়া ইউনিয়নের চেয়ারম্যান সভায় জানান যে, আকস্মিক ভারী বর্ষণের ফলে তার ইউনিয়নেও বিভিন্ন স্থানে বিভিন্ন দিক থেকে পানি প্রবাহের ফলে জলাবদ্ধতার সৃষ্টি হয়। জলাবদ্ধতার স্থানগুলো হতে পানি নিস্কাশনের জন্য জরুরী ভিত্তিতে আরসিসি রিং পাইপ সরবরাহ ও স্থাপন করা প্রয়োজন।

৫নং ভাবকী ইউনিয়নের চেয়ারম্যান সভায় জানান যে, আকস্মিক ভারী বর্ষণের ফলে তার ইউনিয়নেও বিভিন্ন স্থানে বিভিন্ন দিক থেকে পানি প্রবাহের ফলে জলাবদ্ধতার সৃষ্টি হয়। জলাবদ্ধতার স্থানগুলো হতে পানি নিস্কাশনের জন্য জরুরী ভিত্তিতে আরসিসি রিং পাইপ সরবরাহ ও স্থাপন করা প্রয়োজন।

৬নং গোয়ালডিহি ইউনিয়নের চেয়ারম্যান সভায় জানান যে, আকস্মিক ভারী বর্ষণের ফলে তার ইউনিয়নেও বিভিন্ন স্থানে বিভিন্ন দিক থেকে পানি প্রবাহের ফলে জলাবদ্ধতার সৃষ্টি হয়। জলাবদ্ধতার স্থানগুলো হতে পানি নিস্কাশনের জন্য জরুরী ভিত্তিতে আরসিসি রিং পাইপ সরবরাহ ও স্থাপন করা প্রয়োজন।

উপজেলা নির্বাহী অফিসার জানান তিনি গত কয়েক দিনের আকস্মিক ভারী বর্ষণ চলাকালীন সময়ে খানসামা উপজেলার বিভিন্ন এলাকা পরিদর্শন করেছেন। গত কয়েকদিনে বৃষ্টির ক্ষতি উপলব্ধি করেছেন। এ বিষয়ে জরুরী ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক বলে তিনি মন্তব্য করেন।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, আকাশ এখনও মেঘাচ্ছন্ন রয়েছে। আগামীতে এই বৃষ্টি চলমান থাকলে ব্যাপক ক্ষয়ক্ষতি হতে পারে। তিনি জানান ২০২৪-২০২৫ অর্থবছরে বন্যা ও প্রাকৃতিক দুর্যোগ খাত (অপ্রত্যাশিত খাত) হতে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয় করার বিধান রয়েছে। এখান থেকে আপদকালীন সময়ের জন্য কিছু অর্থ রেখে বাকী অর্থ দিয়ে প্রত্যেক ইউনিয়নের ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে চাল, ডাল, তেল, কাপড় ক্রয়সহ নগদ অর্থ বিতরণ করা যেতে পারে। এক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়নের ইউ,পি চেয়ারম্যানদের দায়িত্ব দিয়ে অর্থ বরাদ্দ দেয়া যেতে পারে।

চলমান বন্যা এবং প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার বিষয়ে সভায় ব্যাপক আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সিদ্ধান্ত : ২০২৪-২০২৫ অর্থবছরের বন্যা ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা খাত (অপ্রত্যাশিত খাত) হতে চলমান পরিস্থিতিতে সংশ্লিষ্ট ইউনিয়নের ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে চাল, ডাল, তেল, কাপড় ক্রয়সহ নগদ অর্থ বিতরণের জন্য প্রত্যেক ইউ,পি চেয়ারম্যানদের দায়িত্ব দিয়ে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত অর্থ নিম্নে বর্ণনামতে উপজেলা রাজস্ব তহবিল থেকে চেকের মাধ্যমে জরুরী ভিত্তিতে প্রদান করা হবে। সংশ্লিষ্ট চেয়ারম্যানগন ক্ষতির পরিমাণ বিবেচনা করে আকস্মিক ভারী বর্ষণে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে সহায়তা প্রদানে নিম্নে বর্ণনামতে প্রদত্ত অর্থ যথাযথভাবে ব্যয় করবেন।

**অর্থ বিভাজন ঃ**

| | |
|---|---|
| চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | ৫০,০০০/- টাকা। |
| চেয়ারম্যান, ২নং ভেড়ভেড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | ৫০,০০০/- টাকা। |
| চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | ৫০,০০০/- টাকা। |
| চেয়ারম্যান, ৪নং খামারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | ৫০,০০০/- টাকা। |
| চেয়ারম্যান, ৫নং ভাবকী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | ৫০,০০০/- টাকা। |
| চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর- | ৫০,০০০/- টাকা। |
| | সর্বমোট = ৩,০০,০০০/- টাকা। (তিন লক্ষ) টাকা। |

**বাস্তবায়নে :** চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।





CS CamScanner

পরিশেষে, সভাপতি এ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকাণ্ডে মাননীয় জাতীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাগণের পারস্পারিক সমন্বয়ের মাধ্যমে খানসামা উপজেলা পরিষদকে সার্বিক সহযোগিতা প্রদান অব্যাহত রাখতে এবং দক্ষতা ও আন্তরিকতার সাথে সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদানপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ সহিদুজ্জামান শাহ)
সভাপতি
উপজেলা পরিষদ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
খানসামা, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।
www.khansama.dinajpur.gov.bd

স্মারক নং ঃ ০৫.৫৫.২৭৬০.০০০.২৫.০০১.২৪- ১৯(৫০) — তারিখ ঃ ১৪/০৭/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। জনাব আবুল হাসান মাহমুদ আলী, এম.পি ও মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৮। উপজেলা.......................................................................কর্মকর্তা,খানসামা, দিনাজপুর।
০৯। চেয়ারম্যান, ...... নং.....................................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
১০। জনাব / বেগম ........................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
১১। সংশ্লিষ্ট নথি।

১৪/০৭/২০২৪
(মোঃ তাজ উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।
ফোন ঃ ০২-৫৮৯৯২৯৬০০ (অঃ)।
মোবাইল নম্বর-০১৭৬১-৪৯৩৫২৯
মেইল ঃ unokhansama@mopa.gov.bd